



পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি POWER GRID BANGLADESH PLC

(An Enterprise of Bangladesh Power Development Board)

স্মারক নং ২৭.২১.০০০০.০০০.৭৮৫.১৮.০০০১.২৫.১৩২

তারিখ:

২৩ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি এর অধীন জিএমডি, রাঙ্গামাটি দপ্তরের জন্য অফিস এটেনড্যান্ট (অনুরূপ কাজের সেবা) পদে আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০২৫ অনুযায়ী নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন স্থানীয় প্রতিষ্ঠান/ বাংলাদেশি নাগরিকদের (অস্থায়ীভিত্তিতে) নিকট হতে সরাসরি দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্রমিক নং	পদের নাম ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১।	অফিস এটেনড্যান্ট (অনুরূপ কাজের সেবা) বেতনঃ টাকা ১৭,১৭৫/- (ক্যাটাগরি-৫)	০১ (এক) টি	এস. এস. সি পাস হতে হবে। তবে, অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	স্মারক নং- ০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.২১- ১৭৮ তারিখ: ১৫/০৪/২০২৫ অনুসরণ করা হবে।

শর্তাবলি:

- আবেদনকারী প্রার্থীকে পাওয়ার গ্রিড এর "জিএমডি, রাঙ্গামাটি, পাওয়ার গ্রিড" দপ্তর বরাবর লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ০৮/১২/২০২৫ খ্রিঃ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ঞ) ধর্ম (ট) নিজ জেলা (ঠ) মোবাইল নম্বর (ড) শিক্ষাগত যোগ্যতা (ঢ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- স্থানীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা সম্বলিত প্যাডে আবেদন করতে হবে। আবেদনের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদ ও ভ্যাট সনদ, চলতি সন হতে কমপক্ষে বিগত ৫ (পাঁচ) বছরের অফিস এটেনড্যান্ট (অনুরূপ কাজের সেবা) সরবরাহের অভিজ্ঞতার সনদ এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে "জিএমডি, রাঙ্গামাটি, পাওয়ার গ্রিড" দপ্তর বরাবর আগামী ২২/১২/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ০২:০০ ঘটিকার মধ্যে সরাসরি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রিড সার্কেল-চট্টগ্রাম, পাওয়ার গ্রিড/ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জিএমডি রাঙ্গামাটি, গোলাম মোস্তফা কলোনী, পো: রশিদবাড়ী, মদুনাঘাট, থানা: হাটহাজারী, চট্টগ্রাম-এ অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- বাংলাদেশী নাগরিকদের ক্ষেত্রে আবেদনপত্র "জিএমডি, রাঙ্গামাটি, পাওয়ার গ্রিড" দপ্তর বরাবর আগামী ২২/১২/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ০২:০০ ঘটিকার মধ্যে সরাসরি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রিড সার্কেল-চট্টগ্রাম, পাওয়ার গ্রিড/ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জিএমডি রাঙ্গামাটি, গোলাম মোস্তফা কলোনী, পো: রশিদবাড়ী, মদুনাঘাট, থানা: হাটহাজারী, চট্টগ্রাম-এ অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০৮/১২/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৬০ বছর হতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে (ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য):
ক. শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
খ. সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
ঘ. স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
ঙ. জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- অসম্পূর্ণ ও এটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- উপযুক্ত প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচী পরবর্তীতে জানানো হবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে/প্রতিষ্ঠানকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের/প্রতিষ্ঠানের মূল্যায়নের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল, স্থগিত ও পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- বর্ণিত সেবাগ্রহণ জিএমডি, রাঙ্গামাটি, পাওয়ার গ্রিড দপ্তরের জন্য কার্যকর থাকবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

অনুলিপি:

- ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড, ঢাকা।
- নির্বাহী পরিচালক (ও.এন্ড.এম), পাওয়ার গ্রিড, ঢাকা।
- প্রধান প্রকৌশলী, সঞ্চালন-১, পাওয়ার গ্রিড, ঢাকা।
- মহাব্যবস্থাপক (পি.এন্ড.এ), পাওয়ার গ্রিড, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রিড সার্কেল-চট্টগ্রাম, পাওয়ার গ্রিড।
- নির্বাহী প্রকৌশলী, আইসিটি, পাওয়ার গ্রিড, ঢাকা- (বিজ্ঞপ্তিটি পাওয়ার গ্রিডের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- উপ-বিভাগীয় প্রকৌশলী, অত্র দপ্তর।
- সহকারী ব্যবস্থাপক (হিঃ ও প্রঃ), অত্র দপ্তর।
- নোটিশ বোর্ড, অত্র দপ্তর/গ্রিড সার্কেল, পাওয়ার গ্রিড, চট্টগ্রাম।
- দপ্তর নথি।


সুবীর কান্তি নাথ
নির্বাহী প্রকৌশলী
জিএমডি, রাঙ্গামাটি, পাওয়ার গ্রিড।
